

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯২৮

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৬. যখন কোনো মহিলার হায়েযের দিনগুলি ইসতিহাযার দিনগুলি সাথে মিশ্রিত হয়ে যায়

بَابُ إِذَا اخْتَلَطَتْ عَلَى الْمَرْأَةِ أَيَّامُ حَيْضِهَا فِي أَيَّام اسْتِحَاضَتِهَا

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ حَدَّثَنِي أَبُو سَلَمَةَ أَوْ عِكْرِمَةُ قَالَ كَانَتْ زَيْنَبُ تَعْتَكِفُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهِيَ تُرِيقُ الدَّمَ فَأَمَرَهَا أَنْ تَغْتَسِلَ عِنْدَ كُلِّ صَلَاةٍ إسناده منقطع

## বাংলা

৯২৮. ইয়াহইয়া ইবনু আবী কাছীর থেকে বর্ণিত, আবু সালামাহ কিংবা ইকরিমাহ বলেন, যায়নাব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ই'তিকাফ করছিলেন, এমতাবস্থায় তার রক্ত প্রবাহিত হচ্ছিল। তখন তিনি তাকে প্রত্যেক সালাতের সময় গোসল করার নির্দেশ দিয়েছিলেন।'[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ মুনকাতি' (বিচ্ছিন্ন)।

তাখরীজ: বাইহাকী ১/৩৫১। এখানে আবু সালামাহ 'ও' ইকরিমাহ রয়েছে; আব্দুর রাযযাক নং ১১৭ (এ নম্বরটি ভুল, আসলে এটি ১১৭৫, যা প্রিন্টিংয়ে ১১৭ হয়ে গেছে হয়তো। আর এখানে যায়নাব' এর পরিবর্তে 'উম্মু সালামাহ'র কথা রয়েছে। আর মুহাক্বিকের টীকার বর্ণনানুযায়ী হাদীসটি ১১৭৭ নং যাতে আবী সালামাহ'র মতামত উল্লেখ করা হয়েছে, এখানে যায়নাবের ই'তিকাফ বা ইসতিহাযাগ্রস্ত হওয়ার কোনো উল্লেখ নেই ।- অনুবাদক।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবনু আবী কাসীর (রহঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন